**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11-10-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মহাষ্টমীর পর মহানবমীর তিথিও শুরু । উৎসব মুখর গোটা রাজ্য ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সর্বত্র শান্তিপূর্ণ পরিবেশ বজায় রেখে শারদ উৎসবে আনন্দ উপভোগ করার জন্য রাজ্যবাসীর প্রতি আবেদন জানিয়েছেন ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, যুদ্ধের মাধ্যমে সমস্যা সমাধান হতে পারেনা । ভারত যুদ্ধের পক্ষপাতী নয় ।**

**(৪) শহর ও গ্রামীণ এলাকার পাশাপাশি ঊনকোটি জেলার জনজাতি অধ্যুষিত জনপদগুলিতে দুর্গাপূজা ঘিরে যথেষ্ট উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে।**

******************************************

**Durga Puja :**

শারদীয়া দুর্গোৎসবের আজ মহা অষ্টমী। তিথি মেনে কোথাও কোথাও গতকাল রাতেই অষ্টমী পুজো হয়েছে। লোকাচার মেনে অবশ্য আজ মহা অষ্টমী উদযাপিত হয়েছে অধিকাংশ সার্বজনীন পুজো মন্দির ও মণ্ডপে মণ্ডপে। সন্ধ্যায় আলোর রোশনাই ও বর্ণাঢ্য সাজ-সজ্জার মধ্য দিয়ে সর্বত্র প্রকাশিত হচ্ছে দুর্গোৎসবের আনন্দ-আবহ। আজ মহাষ্টমীর সন্ধ্যায় রাজ্যের বিভিন্ন প্রান্তে সার্বজনীন পুজো মণ্ডপগুলোতে ধর্ম, বর্ণ সম্প্রদায় নির্বিশেষে অগণিত মানুষ ভিড় করেছে। পুলিশের মতে, রাত যত বাড়বে, দর্শনার্থীদের ভিড়ও তত

বাড়বে। রাজ্যে, বিশেষত রাজধানী আগরতলার সকল রাজপথ জুড়ে এই মুহূর্তে দর্শনার্থীদের ঢল নেমেছে। দেবী দুর্গার মূর্তি - পুজো দর্শনে বেড়িয়েছেন আবাল বৃদ্ধ বনিতারা।

এদিকে, মহা অষ্টমী পুজো উপলক্ষ্যে আজ সকালে আগরতলার ধলেশ্বরস্থিত রামকৃষ্ণ মিশনে কুমারী পুজো হয়। যার বিশেষত্ব হলো - কুমারী কন্যাকে দেবী মা জ্ঞান করে অর্থাৎ মানুষের মধ্যেই ঈশ্বর আছেন জ্ঞান করে মানুষকে পুজো করা। কুমারী পুজোর পর মন্ত্র উচ্চারনের মধ্য দিয়ে পুষ্পাঞ্জলি প্রদান করা হয়।

########Byte########

ত্রিপুরায় দুর্গোৎসবের এক বিশেষত্ব হল - আগরতলার দূর্গা বাড়ির পুজো। সরকারি পৃষ্ঠপোষকতায় এখানে দূর্গা পুজো হয়। রাজ আমল থেকে রীতি মেনে ঐতিহ্যবাহী দুর্গা বাড়িতে দেবী দুর্গা পূজিত হন। সেখানে দেবী দুর্গার দশ হাতের পরিবর্তে রয়েছে দুই হাত। এছাড়া রাজা রাজাদের অস্ত্র সেখানে পুজিত হয়। পুরোহিত তপন চক্রবর্তী জানান, উনিশ শতকে ত্রিপুরার মহারাজা কৃষ্ণ কিশোর মানিক্য রাজানুকূল্যে দূর্গাপূজা প্রচলন করেছিলেন। কথিত যে, তৎকালীন মহারানী সুদক্ষনা দেবী স্বপ্নের মধ্যে দেবীর দশ হাত দেখে ভয় পেয়ে গিয়েছিলেন। তখন মানিক্য রাজা বংশের কুল পুরোহিত বিধান দেন যে দেবীর দুই হাত দেখান যাবে, বাকি আটটি হাত গুপ্ত থাকলেও অসুবিধা নেই। তখন থেকে দুই হাতের দূর্গা প্রতিমার পূজার প্রবর্তন হয় - দুর্গা বাড়ি মণ্ডপে । ১৯৪৯ সালে ত্রিপুরা ভারতবর্ষের সাথে যোগ দেওয়ার পর থেকে থেকে এই পূজার যাবতীয় ব্যবস্থা দায়িত্বে রয়েছে রাজ্য সরকার।

****************************************

**Durga Puja :**

রাজ্যের অন্যতম প্রাচীন পূজো আগরতলার প্রভুবাড়ির দূর্গা পূজা ২০০ বছর অতিক্রম করলো। রাজন্য শাসন অবসানের পর এই পূজার ও ব্যয়ভার বহন করছে রাজ্য সরকার। এর আগে

রাজপরিবার থেকেই পূজার যাবতীয় খরচ বহন করা হতো। পূজার প্রধান পুরোহিত ও প্রভূবাড়ির সদস্য মাধব গোস্বামী জানান, ত্রিপুরার মহারাজা ঈশানচন্দ্র মানিক্যের আমলে রাজ পরিবারের কুলোগুরু প্রভূবাড়িতে প্রথম দূর্গাপূজার প্রচলন হয়। রাজগুরু পরিবারের পূজা বলে প্রতিমা নিরঞ্জন পর্বে প্রভূবাড়ির প্রতিমা সর্বাগ্রে থাকে বলে তিনি জানান।

*************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ দুর্গা পূজা উপলক্ষে সমস্ত নাগরিককে শুভেচ্ছা জানিয়েছেন। আজ সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন, দুর্গাপূজা  অশুভের ওপর শুভর জয় হিসেবে উদযাপন করা হয় এবং মা দুর্গাকে শক্তির প্রতীক হিসেবে বিবেচনা করা হয়। তিনি বলেন যে এই উৎসব সমস্ত ধর্মের মধ্যে ঐক্য ও বোঝাপড়ার প্রচার করার একটি উপলক্ষ এবং দেবী দুর্গা আমাদের ন্যায়, সংবেদনশীল এবং ন্যায়সঙ্গত সমাজ গঠনে শক্তি, সাহস এবং সংকল্প দান করবেন।

*************************

**Power Situation :**

শারদ উৎসবে রাজ্যে নিরবচ্ছিন্ন ভাবে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। আজ সন্ধ্যায় রাজ্যের বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা ছিল ২৯১ মেগাওয়াট। রাজ্য বিদ্যুৎ নিগম সুত্রে এখবর জানা গেছে।

*************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সর্বত্র শান্তিপূর্ণ পরিবেশ বজায় রেখে শারদ উৎসবে আনন্দ উপভোগ করার জন্য রাজ্যবাসীর প্রতি আবেদন জানিয়েছেন। তিনি এক বার্তায় বলেছেন, শান্তিপূর্ণভাবে শারদ উৎসব সম্পন্ন করতে রাজ্য

প্রশাসন এবং আরক্ষা দপ্তর সর্বাত্মক প্রয়াস নিয়েছে। জরুরী পরিষেবা প্রদানকারী দপ্তর সহ আরক্ষা দপ্তরের কর্মীরা দিনরাত নিয়োজিত রয়েছেন। তিনি বলেন পরিবেশের সুস্থতার জন্য নিয়ন্ত্রিতভাবে স্বরবদ্ধক যন্ত্রের ব্যবহার ও শব্দ বাজি ব্যবহার না করা, নাগরিক হিসেবে সবার দায়িত্ব। পাশাপাশি বেপরোয়া গতিতে যান চলাচল এবং কোন ধরনের দুর্ঘটনা যাতে না ঘটে সেদিকে সকলের নজর থাকা উচিত। শারদ উৎসবে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার লক্ষ্যে প্রশাসনকে সর্বতোভাবে সহায়তা করার জন্য তিনি জনগণের কাছে আহ্বান জানিয়েছেন। মুখ্যমন্ত্রী বলেন, এবারের উৎসব এসেছে এক ভিন্নতর পরিবেশে। বিধ্বংসী বন্যায় রাজ্যের বহু মানুষ আজও বিপন্ন। উৎসবের আলোক শিখা তাদের অন্ধকারকে মুছে দিক। দুর্গত মানুষদের পাশে দাঁড়িয়ে উৎসবের আনন্দকে সকলে মিলে ভাগ করে নেওয়াই হোক এবার শারদ উৎসবের মূল আহ্বান বলে বার্তায় উলেখ করেছেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন,

##########Byte########

*****************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

******************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, যুদ্ধের মাধ্যমে সমস্যা সমাধান হতে পারেনা। ভারত যুদ্ধের পক্ষপাতী নয়। বিশ্বের বিভিন্ন দেশে সংঘাত প্রসঙ্গে তিনি আজ লাও প্রজাতন্ত্রের ভিয়েনতিয়েনে ১৯তম ইস্ট-এশিয়া সম্মেলনে একথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, "বিশ্বের বিভিন্ন প্রান্তে যে সংঘাত চলছে তার সবচেয়ে বেশি নেতিবাচক প্রভাব পড়ছে গ্লোবাল সাউথের দেশগুলিতে। সবাই চায় ইউরেশিয়া হোক বা পশ্চিম এশিয়া, যত তাড়াতাড়ি সম্ভব শান্তি ও স্থিতিশীলতা ফিরিয়ে আনা হোক। তিনি বলেন, আমি বারবার বলছি এখন যুদ্ধের যুগ নয়। সার্বভৌমত্ব, আঞ্চলিক অখণ্ডতা এবং আন্তর্জাতিক আইনকে সম্মান করা প্রয়োজন। মানবিক দৃষ্টিভঙ্গি বজায় রেখে সংলাপ ও কূটনীতিকে অগ্রাধিকার দিতে হবে। পূর্ব এশিয়া শীর্ষ সম্মেলনে আসিয়ান নেতাদের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন প্রধানমন্ত্রী। শ্রী মোদি জাপানের নবনিযুক্ত প্রধানমন্ত্রী শিগেরু ইশিবার সাথে দ্বিপাক্ষিক বৈঠক করেন। বৈঠকের সময়, দুই নেতা বিস্তৃত পরিসরে বর্ধিত সহযোগিতার মাধ্যমে ভারত-জাপান বিশেষ কৌশলগত এবং বৈশ্বিক অংশীদারিত্বকে আরও শক্তিশালী করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন।

***************************

**Rajnath Sing :**

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং গ্যাংটকে সেনা কমান্ডারদের সম্মেলনে যোগ দিতে দুদিনের সফরে আজ সকালে সিকিমে পৌঁছেছেন। গ্যাংটকে সেনা কমান্ডারদের সম্মেলনের মূল লক্ষ্য হচ্ছে গুরুত্বপূর্ণ কৌশলগত বিষয়গুলিকে মোকাবেলা করা, প্রতিরক্ষা প্রস্তুতি নিয়ে আলোচনা করা এবং দ্রুত বিকশিত নিরাপত্তা পরিবেশে অপারেশনাল প্রস্তুতি বাড়ানো। উচ্চপদস্থ সামরিক আধিকারিকদের এই সম্মেলনে ভারতীয় সেনাবাহিনীর অপারেশনাল সক্ষমতাকে শক্তিশালী করার সাথে সাথে সমসাময়িক

চ্যালেঞ্জগুলির সাথে মানিয়ে নেওয়ার প্রতিশ্রুতির উপর গুরুত্ব আরোপ করা হবে।

***************************

**Puja-Tribal areas :**

শহর ও গ্রামীণ এলাকার পাশাপাশি ঊনকোটি জেলার জনজাতি অধ্যুষিত জনপদগুলিতে দুর্গাপূজা ঘিরে যথেষ্ট উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে। বাহারি আলোকসজ্জা বা দৃষ্টিনন্দন মন্ডপসজ্জা সহকারে জনজাতীয় এলাকায় ভক্তিভরে দেবী দুর্গার আরাধনা চলছে। আমাদের জেলার সংবাদদাতা অনুপম ভট্টাচার্য জানিয়েছেন, ঊনকোটি জেলার অধীন ডেমডুম, রাজকান্দি, শান্তিরবাজার, পঞ্চমনগর, ধনবিলাস, সিঙ্গিরবিল প্রভৃতি জনজাতীয় এলাকায় পূজা ঘিরে উৎসাহের আমেজ। রাজকান্দি'র বিলাসমনি পাড়াতে রিগনাই বা পাছড়া পরিহিতা দেবী দুর্গা। সংগে লক্ষ্মী ও সরস্বতীও এক-ই পোষাকে সজ্জিতা। জনজাতীয় অলঙ্কার গায়ে রয়েছে। কার্তিক ও গণেশ জনজাতীয় গামছা পরিহিত। হৃদয়ের ভক্তিতে জনজাতি অংশের মানুষ উৎসাহ উদ্দীপনায় পূজায় সামিল হয়েছেন।

*****************************

**Durga Puja-Dhalai :**

ধলাই জেলার চারটি মহকুমা মিলিয়ে এ বছর দূর্গা পূজার সংখ্যা ২৩৭টি। প্রশাসনের পক্ষ থেকে জেলার সর্বত্র কড়া নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আজ মহা অষ্টমী। আমবাসা রামকৃষ্ণ আশ্রমে অনুষ্ঠিত হয় কুমারী পূজা। এই কুমারী পূজাকে কেন্দ্র করে পুন্যার্থীদের ব্যাপক ভিড় পরিলক্ষিত হয়। জেলার আমবাসা, কমলপুর, গণ্ডাতুইছা ও লংতরাইভ্যালি প্রতিটি মহকুমাতেই আজ সন্ধ্যা নামার সাথে সাথে প্রতিটি মন্ডপে দর্শনার্থীদের ভিড় বাড়তে থাকে।

*****************************

**Anti-Drugs Drama :**

উত্তর যোগেন্দ্রনগরস্থিত প্রত্যয় সামাজিক সংস্থার উদ্যোগে সপ্তমীর রাতে আগরতলা পুর নিগমের ২৮নং ওয়ার্ড এলাকার বিভিন্ন ক্লাবের পুজা মন্ডপের সামনে নেশার সর্বনাশা দিক নিয়ে সচেতনতামূলক পথনাটক পরিবেশন করা হয়। নেশা-ই সর্বনাশা শীর্ষক এই পথনাটকটি উত্তর যোগেন্দ্রনগরের মধ্যপাড়া যুব সংস্থা, মহাশক্তি সংঘ, অগ্রদূত ক্লাব, বনকুমারী নেতাজি সংঘের পুজা মন্ডপের সামনে মঞ্চস্থ করা হয়।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘণ্টায় ঊনকোটি ও উত্তর জেলার কয়েকটি স্থানে ভারী বর্ষণের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া রাজ্যের বাকি সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস।

*************************